

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঈমান ও ইসলাম একই জিনিসের দুই নাম এই মর্মে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْإِيمَانَ وَالْإِسْلَامَ اسْمَانِ لِمَعْنًى وَاحِدٍ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللّهِ بْنُ مُحَمَّدِ الْأَرْدِيُّ حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ أَخْبَرَنَا وَكِيعٌ عَنْ حَنْظَلَةَ بْنِ أَبِي سُفْيَانَ سَمِعْتُ عِكْرِمَةَ بْنَ خَالِدٍ يُحَدِّثُ طَاوُسًا أَنَّ رَجُلًا قَالَ لِابْنِ عُمَرَ: عُمَرَ: أَلَا تَغْزُو؟ فَقَالَ عَبْدُ اللّهِ بْنُ عُمَرَ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلّا اللّهُ وَإِقَامِ الصَّلَاةِ وَإِيتَاءِ الزَّكَاةِ وَصِيامِ رَمَضَانَ وَحَجّ البيت".

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 158 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৮. প্রখ্যাত তাবি'ঈ তাউস রহিমাহুল্লাহ বলেন: এক ব্যক্তি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বললেন: 'আপনি কি যুদ্ধ করবেন না?' তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: 'নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: 'ইসলাম পাঁচটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত। যথা: এই সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, সালাত প্রতিষ্ঠা করা, যাকাত প্রদান করা, রমযানের সিয়াম পালন করা ও বায়তুল্লাহর হজ্জ করা।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: هَذَانِ خَبَرَانِ خَرَجَ خِطَابُهُمَا عَلَى حَسَبِ الْحَالِ لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَكَرَ الْإِيمَانَ ثُمَّ عَدَّهُ أَرْبَعَ خِصَالٍ ثُمَّ ذَكَرَ الْإِسْلَامَ وَعَدَّهُ خَمْسَ خِصَالٍ وَهَذَا مَا نَقُولُ فِي كُتُبِنَا بِأَنَّ الْعَرَبَ تَذْكُرُ الشَّيْءَ فِي لُغَتِهَا بِعَدَدٍ مَعْلُومٍ وَلَا تُرِيدُ بِذِكْرِهَا ذَلِكَ الْعَدَدَ نَفْيًا عَمَّا وَرَاءَهُ وَلَمْ يُرِدْ بِقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ الْإِيمَانَ لَا يَكُونُ إِلَّا مَا عُدَّ فِي خبر بن عَبَّاسٍ لِأَنَّهُ ذَكَرَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَيْرِ خَبَرٍ أَشْيَاءَ كَثِيرَةً مِنَ الْإِيمَانِ ليست في السَّامَ في غَيْرِ خَبَرٍ أَشْيَاءَ كَثِيرَةً مِنَ الْإِيمَانِ ليست في حَبر بن عباس اللذين ذكرناهما



আবু হাতিম ইবনু হিব্বান রহিমাভ্ল্লাহ বলেন: "এই দুই হাদীসের বক্তব্য অবস্থা অনুযায়ী হয়েছে। কেননা রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম ঈমানের কথা উল্লেখ করেছেন তারপর ঈমানকে চারটি বৈশিষ্ট্যে গণনা করেছেন। তারপর তিনি ইসলামের কথা আলোচনা করেছেন এবং ইসলামকে পাঁচটি বৈশিষ্ট্যে গণনা করেছেন। এটা আমরা আমাদের কিতাবে বলে থাকি যে, আরবরা কোন কোন সময় তাদের ভাষায় নির্দিষ্ট সংখ্যা উল্লেখ করেন, এবং এর মাধ্যমে অন্য সংখ্যাকে নাকচ করে শুধুমাত্র ঐ সংখ্যাকেই উদ্দেশ্য নেন না। এখানে রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য দ্বারা এটা আদৌ উদ্দেশ্য নয় যে, আব্দুল্লাহ বিন আব্বাসের হাদীসে যে বৈশিষ্ট্যগুলো গণনা করা হয়েছে অন্য কিছুতে ঈমান নেই। কারণ রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম অন্য একাধিক হাদীসে অনেক বিষয়কে ঈমানের অন্তর্ভূক্ত হিসেবে বর্ণনা করেছেন, যা আমাদের উল্লেখিত আব্দুল্লাহ বিন আব্বাস ও আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনহ্বম এর হাদীসে নেই।"

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৮; সহীহ মুসলিম: ১৬; নাসাঈ: ৮/১০৭; তিরমিযী: ২৬০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬; সহীহ ইবনু খুযাইমা: ৩০৮; মুসনাদ আহমাদ: ২/২৬; তাবারানী আল কাবীর: ১৩২০৩; বাইহাকী, আস সুনান: ৩/৩৬৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তাউস (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন